দৈনিক জনকণ্ঠ

২৩/৯/২০০৩

তারিখ ........
পৃষ্ঠা ৬ কলাম ৭



নাজমুল সোহান জোবায়ের নওশাদ ইয়ামিন ইয়াসির ইনশাদ

# এইচএসসি ॥ ফৌজদারহাট ক্যাডেট কলেজের সাফল্য

চবি সংবাদদাতা ॥ এবারের এইচএসসি পরীক্ষায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে ফৌজদারহাট ক্যাডেট কলেজ ব্যাপক সাফল্য অর্জন করেছে। চার বছর পর কলেজটির এক ছাত্র বিজ্ঞান বিভাগে শীর্ষস্থান অধিকার করেছে। এ ছাড়া কলেজের ৩৭ পরীক্ষার্থীর সবাই কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হয়েছে, যাদের মধ্যে ১৩ জনই মেধা তালিকায় স্থান লাভ করেছে। এর মধ্যে বিজ্ঞানে ৭ জন ও মানবিকে ৬ জন। ৪ বিষয়ে লেটারসহ ৯১৬ নম্বর পেয়ে বিজ্ঞান বিভাগে মেধাতালিকায় প্রথম হয়েছে ক্যাডেট নাজমুল হাসান। ৯১৪ নম্বর পেয়ে ২য় স্থান লাভ করেছে ক্যাডেট এসএম সোহান। ৩টি লেটার ও ৮৭০ নম্বর পেয়ে ১১তম স্থান অধিকার করেছে ক্যাডেট জোবায়ের হোসেন। ৪টি লেটারসহ ৮৬৮ নম্বর পেয়ে ১২তম স্থান লাভ করেছে ক্যাডেট নওশাদ উজ জামান। ৪টি লেটারসহ ৮৫৮ নম্বর পেয়ে ১৭তম স্থান লাভ করেছে ক্যাডেট চৌধুরী আছহাবুল ইয়ামিন। ৪টি লেটারসহ ৮৪৬ নম্বর পেয়ে ১৯তম স্থান লাভ করেছে ক্যাডেট খায়ের মোঃ ইয়াসির আরাফাত মজুমদার। ৩টি লেটারসহ ৮৪২ নম্বর পেয়ে ২০তম স্থান পেয়েছে ক্যাডেট ইনশাদ চৌধুরী। অন্যদিকে মানবিকে ২য়সহ মেধাতালিকায় স্থান পেয়েছে ৬ জন। তারা হচ্ছে ক্যাডেট শমিত বড়ুয়া ৭৯৩ নম্বর পেয়ে ২য়, ক্যাডেট গালিব বিন আহমেদ ৭৭৬ নম্বর পেয়ে ৪র্থ, ক্যাডেট মেসবাউল করিম রনি ৭৫১, ক্যাডেট মোঃ মনিরুজ্জামান ৭২৮, ক্যাডেট শিহাব সরকার ৭২৬ ও ক্যাডেট শাহেদ উদ্দিন চৌধুরী ৭০৬ নম্বর পেয়েছে।

